



High Commission of  
The People's Republic of Bangladesh  
Jit Poh Building # 10-00  
19 Keppel Road, Singapore 089058  
Phone: (65) 62550075, Fax: (65)62551824  
E-mail: [mission.singapore@mofa.gov.bd](mailto:mission.singapore@mofa.gov.bd)  
Web: [www.bdhc.sg](http://www.bdhc.sg)

‘মুজিববর্ষের কূটনীতি, প্রগতি ও সম্প্রীতি’



নং : ১৯.০১.৬৫০১.৭০১.৩৩.০০১.২০২০

তারিখ : ২৩ মার্চ ২০২০

## করোনা ভাইরাসের প্রাদুর্ভাব রোধ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সিঙ্গাপুরস্থ বাংলাদেশী অভিবাসী কর্মী ও প্রবাসী ভাই-বোনদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (COVID -19) এর সম্ভাব্য বিস্তার রোধে বাংলাদেশ সরকার ২১ মার্চ ২০২০ হতে ৩১ মার্চ ২০২০ পর্যন্ত সিঙ্গাপুর থেকে বাংলাদেশগামী সকল ফ্লাইট বন্ধ ঘোষণা করেছে। বিষয়টি আপনাদের অবগতি ও সে মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য জানানো হলো।

করোনা ভাইরাস এর সংক্রমণ থেকে মুক্ত থাকার জন্য সিঙ্গাপুর সরকারের জারিকৃত নির্দেশনা ও উপদেশসমূহ এবং ক্ষেত্রবিশেষে বাংলাদেশ সরকার ও হাইকমিশনের সতর্কতা বার্তা/উপদেশসমূহ মেনে চলার জন্য আপনাদেরকে বিনীত অনুরোধ জানাচ্ছি। এ প্রসঙ্গে আপনাদেরকে আবারো জানাচ্ছি যে, অহেতুক ভয় না পেয়ে ব্যক্তিগত পরিষ্কার-পরিচ্ছন্নতা মেনে চলুন, সামাজিক মেলামেশার ক্ষেত্রে দূরত্ব বজায় রাখুন, নিয়োগকারী কর্তৃপক্ষ/ডরমিটরীর নিয়মকানুন মেনে চলুন এবং জরুরী প্রয়োজনে ডাক্তারের পরামর্শ নিন। এছাড়াও, প্রয়োজনে নিম্নবর্ণিত নাম্বারসমূহের মাধ্যমে হাইকমিশনে যোগাযোগ করা যেতে পারে।

যোগাযোগের নম্বর : (৬৫) ৬৬৬১০২৯৮, ৬২৫৫১৫৭৯, ৬৬৬১০২৭৯, ৬৬৬১০২৮৪, ৬৬৬১০২৯১, ৬৬৬১০২৭০

আপনাদের সার্বিক সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

